

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
 নগর উন্নয়ন অধিদপ্তর  
 টাউন প্ল্যানিং  
 www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৩.১৭.৭

তারিখ: ৩০ মাঘ ১৪২৮

১৩ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: “ডিপিডিসি’র আওতাধীন এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণ ও শক্তিশালীকরণ” (জিটুজি) শীর্ষক প্রকল্পের আওতায় একটি ৩৩/১১ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র নির্মাণের জন্য ৪৪.৫৯ শতাংশ জমি অধিগ্রহণের লক্ষ্যে অনাপত্তিপত্র প্রদান প্রসংগে।

সূত্র: স্মারক নং-২৭.৮৭.০০০০.৪০৭.৬৬.০১০.২০.৪১৪; তারিখ: ১৫/১২/২০২১খ্রি:

ডিপিডিসি’র আওতাধীন এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণ ও শক্তিশালীকরণ (জিটুজি) শীর্ষক প্রকল্পের আওতায় একটি ৩৩/১১ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র নির্মাণের জন্য ৪৪.৫৯ শতাংশ জমি অধিগ্রহণের লক্ষ্যে অনাপত্তিপত্র প্রদানের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরকে অনুরোধ করেছেন। প্রত্যাশী সংস্থা অত্র দপ্তরকে মোট ৪৪.৫৯ শতাংশ জমির তফশিল সরবরাহ করেছেন (তফশিলভুক্ত মোট ৪৪.৫৯ শতাংশ জমি (3478/potrojariAttachmentRef/12191/0/3383))।

জেলা	থানা	মৌজা	জে.এল নং	আরএস দাগ নং	মহানগর দাগ নং	চাহিতব্য জমির পরিমাণ (শতাংশ)	ভূমির শ্রেণী
ঢাকা	সবুজবাগ	উলুন	১	২৭৯১	৭০০৪	২৮.১৩	পতিত
ঢাকা	সবুজবাগ	উলুন	১	২৭৯২	৭০০৬	৪.১২	পতিত
ঢাকা	সবুজবাগ	উলুন	১		৭০০৭	৪.১২	পতিত
ঢাকা	সবুজবাগ	উলুন	১		৭০০৮	৪.১২	পতিত
ঢাকা	সবুজবাগ	উলুন	১		৭০০৯	৪.১০	নাল
সর্বমোট চাহিতব্য জমির পরিমাণ						৪৪.৫৯ শতাংশ	

রাজউকের Detailed Area Plan (DAP) পর্যালোচনায় দেখা যায় যে, চাহিতব্য জমির ভূমি ব্যবহার Urban Residential Zone ও Waterbody হিসেবে দেখানো আছে।

সরেজমিনে পরিদর্শনে দেখা যায় যে, প্রত্যাশী সংস্থা কর্তৃক সরবরাহকৃত মৌজাম্যাপ ও প্রত্যাশী সংস্থার প্রতিনিধি কর্তৃক নির্দেশিত প্রস্তাবিত জমি জেলা: ঢাকা, থানা: সবুজবাগ, মৌজা: উলুন, আর এস দাগ নম্বর: ২৭৯১ ও ২৭৯২ উক্ত দাগের চাহিত জমির পরিমাণ ৪৪.৫৯ (চুয়াল্লিশ দশমিক পাঁচ নয়) শতাংশ। উক্ত প্রস্তাবিত জমির ভিতরে কিছু অংশে সেমি পাকৌ ঘর ছিল যা ভেঙ্গে ফেলা হচ্ছে আর বাকি বেশির ভাগ অংশে পুকুর আছে। প্রস্তাবিত জমির পারিপার্শ্বিক অবস্থা: উত্তর পার্শ্বে ১ তাল্লা বিল্ডিং, পূর্ব পার্শ্বে ১২ ফুট কাঁচা রাস্তা, দক্ষিণ পার্শ্বে ৯ তাল্লা ০১ টি, ৬ তাল্লা ০১ টি ও ৪ তাল্লা ০১ টি ভবন আছে এবং পশ্চিম পার্শ্বে পুকুর, ২ তাল্লা ০১ টি, ৪ তাল্লা ০১ টি ভবন আছে।

এছাড়াও প্রস্তাবিত জমিতে মন্দির, গির্জা, স্কুল, কলেজ, মাদ্রাসা ইত্যাদি সহ কোন সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠান নাই।

ডিপিডিসি'র আওতাধীন এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণ ও শক্তিশালীকরণ (জিটুজি) শীর্ষক প্রকল্পের আওতায় একটি ৩৩/১১ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র নির্মাণের জন্য ৪৪.৫৯ শতাংশ জমি অধিগ্রহণের প্রয়োজন আছে। ফলশ্রুতিতে, নিম্ন-লিখিত শর্তসাপেক্ষে উক্ত জমি অধিগ্রহণে অত্র দপ্তরের কোন আপত্তি নাই।

### শর্তসমূহঃ

- ১। চাহিতব্য ভূমিতে DAP প্রস্তাবিত Urban Residential Zone ও Waterbody-এ প্রচলিত আইন অনুসরণ করতে হবে এবং DAP এর রিভিউ কমিটির মাধ্যমে ভূমি ব্যবহারের শ্রেণী পরিবর্তন করে নিতে হবে।
- ২। প্রস্তাবিত জমির উত্তর অংশে DAP প্রস্তাবিত Waterbody হিসেবে চিহ্নিত কমবেশী ২.৫০ শতাংশ জমি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- ৩। রাজউক প্রস্তাবিত রাস্তাগুলোর ভবিষ্যৎ সম্প্রসারণ বিবেচনা করে ডিজাইন করতে হবে।
- ৪। খালের জমি কোনভাবেই দখলে আনা যাবে না।
- ৫। Plantation এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৬। সংলগ্ন সকল জায়গা সুরক্ষিত রাখতে হবে এবং প্রাকৃতিক সৌন্দর্য/পরিবেশ রক্ষার্থে ঐ সমস্ত জায়গা Beautification এর ব্যবস্থা নিতে হবে।
- ৭। অতি বৃষ্টির পানি নিষ্কাশনের জন্য পর্যাপ্ত Drainage এর ব্যবস্থা রাখতে হবে।
- ৮। প্রস্তাবিত জমির চারপাশে আবাসিক এলাকা বিদ্যমান থাকায় সেখানে সংশ্লিষ্ট নিয়ম নীতি অনুসরণ করতে হবে।
- ৯। রাজউক ও পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সকল শর্তসমূহ অনুসরণ করতে হবে।

### সংযুক্তিঃ

১. সরেজমিনে প্রাপ্ত ভূমি ব্যবহার প্রতিবেদন (সরেজমিনে প্রাপ্ত ভূমি ব্যবহার প্রতিবেদন (3481/potrojariAttachmentRef/12191/0/3383))।
২. ড্যাপ পর্যালোচনা প্রতিবেদন (ড্যাপ পর্যালোচনা প্রতিবেদন (3483/potrojariAttachmentRef/12191/0/3383))।
৩. রিজিওনাল ম্যাপ (রিজিওনাল ম্যাপ (3485/potrojariAttachmentRef/12191/0/3383))।
৪. রাজউক কর্তৃক প্রেরিত ছাড়পত্র ( রাজউক কর্তৃক প্রেরিত ছাড়পত্র (3487/potrojariAttachmentRef/12191/0/3383))।
৫. ভূমি ব্যবহার ম্যাপ ( ভূমি ব্যবহার ম্যাপ (3488/potrojariAttachmentRef/12191/0/3383))।
৬. তফশিলভুক্ত মোট ৪৪.৫৯ শতাংশ জমি (তফশিলভুক্ত মোট ৪৪.৫৯ শতাংশ জমি (3489/potrojariAttachmentRef/12191/0/3383))।



১৩-২-২০২২

মো: মাহমুদ হোসেন

সিনিয়র প্ল্যানার

কোম্পানি সেক্রেটারি, কোম্পানী সেক্রেটারিয়েট, ঢাকা পাওয়ার  
ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৩.১৭.৭/১(৯)

তারিখ: ৩০ মাঘ ১৪২৮  
১৩ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (চলতি দায়িত্ব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৩) একান্ত সচিব, সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৪) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৫) সিনিয়র প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)

- ৬) সিনিয়র প্ল্যানার, টাউন প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৭) সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী(সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৮) সহকারী প্ল্যানার, টাউন প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৯) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



১৩-২-২০২২

মো: রাসেদুল ইসলাম  
সহকারী প্ল্যানার